

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
ডাকঘর: গড়াই চাঁদড়া, আলফাডাঙ্গা, ফরিদপুর।
E-mail: pachuriaup@gmail.com

স্মারকঃ পঁ,ইউপি/আলফা/ফরিদ-২০২৪/৮

তারিখঃ ১১/০৮/২০২৪ ইং

আগস্ট/২০২৪ পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ এর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
সভার স্থান : ইউপি অফিস।
তারিখ : ১১/০৮/২০২৪ ইং সময়: সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা, পরিশিষ্ট 'ক'

সভার আলোচ্য বিষয়:

- ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। নবযোগদানকৃত ইউপি প্রশাসনিক কর্মকর্তার সাথে পরিচিতি।
- ৩। আদায়কৃত বসতবাড়ির করের টাকা ব্যয় প্রসঙ্গে।
- ৪। সাধারণ ব্যাংক হিসাবে প্যানেল চেয়ারম্যান ও ইউপি প্রশাসনিক কর্মকর্তার স্বাক্ষর পরিবর্তন প্রসঙ্গে।
- ৫। মনিটর ও প্রিন্টার ক্রয় সংক্রান্ত আলোচনা।
- ৬। বিবিধ

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|--|---|---|
| ০১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি সাহেব সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এর পর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি না থাকায় তাহা সর্বসম্মত ভাবে গৃহীত হয়। সভাপতি সাহেব সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে প্রাণোবন্ত আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান। | উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় | জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি |
| ০২ | নবযোগদানকৃত ইউপি প্রশাসনিক কর্মকর্তার সাথে পরিচিতিঃ সভাপতি সাহেব জানান যে, গত ০৪/০৮/২০২৪ ইং তারিখে অত্র ইউপিতে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা হিসাবে মোঃ এনায়েত হোসেন যোগদান করিয়াছেন। তিনি নবযোগদানকৃত ইউপি প্রশাসনিক কর্মকর্তা এবং উপস্থিত সকল সদস্যবৃন্দকে পরিচিত হওয়ার জন্য অনুরোধ করেন। সবাই পরস্পর পরিচিত হন। | উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় | জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি |
| ০৩ | আদায়কৃত বসতবাড়ির করের টাকা ব্যয় প্রসঙ্গেঃ সভাপতি সাহেব সভায় জানান যে, ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের বসতবাড়ির কর আদায় বাবদ আদায় সংক্রান্ত সকল খরচ বাদে ৩,৫১,৫১৫/- (তিন লক্ষ একান্ন হাজার পাঁচ শত পনের টাকা) অবশিষ্ট আছে। যাহা সাধারণ ব্যাংক হিসাবে জমা দেওয়া হইয়াছে। এই টাকা ব্যয়ের ব্যাপারে উপস্থিত সদস্যবৃন্দকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে ইউপি সদস্যদের মাসিক ভাতা প্রদানের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ করেন। ৬ জন সদস্য ৬ মাস করে এবং ৬ জন সদস্য ৭ মাস করে ভাতার নেওয়ার প্রস্তাব করেন। | উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় | জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি ও সদস্যবৃন্দ |
| ০৪ | সাধারণ ব্যাংক হিসাবে প্যানেল চেয়ারম্যান ও ইউপি প্রশাসনিক কর্মকর্তার স্বাক্ষর পরিবর্তনঃ সভাপতি সাহেব সভায় জানান যে, সাবেক চেয়ারম্যান জনাব মোঃ মিজানুর রহমান পদত্যাগ করায় জনাব মোঃ সাইফুর রহমান প্যানেল চেয়ারম্যান-১ দায়িত্ব পালন করছেন এবং নতুন ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা হিসাবে জনাব মোঃ এনায়েত হোসেন যোগদান করায় অত্র পরিষদের নামে যে ব্যাংক হিসাব গুলো রয়েছে তার স্বাক্ষর পরিবর্তন করার প্রস্তাব দেন। | উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় | জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি ও সদস্যবৃন্দ |
| ০৫ | মনিটর ও প্রিন্টার ক্রয় সংক্রান্তঃ সভাপতি সাহেব সভায় জানান যে, পরিষদের মনিটর ও প্রিন্টার ব্যবহারের উপযোগী না থাকায় নতুন মনিটর ও প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। আদায়কৃত বসত বাড়ির করের টাকা থেকে উক্ত যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব করেন। পরবর্তীতে অন্য তহবিল থেকে যন্ত্রাংশ ক্রয় করা হবে মর্মে উপস্থিত সদস্যবৃন্দ মতামত দেন। | উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় নাই | জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি ও সদস্যবৃন্দ |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

মোঃ সাইফুর রহমান
প্যানেল চেয়ারম্যান-১
০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
আলফাডাঙ্গা, ফরিদপুর।